# উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

## যুব উন্নয়ন অধিদপ্তর, চিতলমারী, বাগেরহাট

# সিটিজেন চার্টার (নাগরিক সনদ)

যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের আত্মকর্মসংস্থান ও কর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং যুব ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। এছাড়া অধিদপ্তর যুব সমাজকে উন্নয়ন কার্যকর্মে উৎসাহিত ও সম্পৃক্ত করার জন্য যুব পুরস্কার প্রদান, যুব সংগঠন কে অনুদান প্রদান এবং যুবদের সচেতনতা বৃদ্ধি সহ নানাবিধ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এসকল কার্যক্রম সম্পর্কে জনগণ বিশেষ করে শিক্ষিত এবং স্বল্প শিক্ষিত বেকার যুবসমাজ যাতে সহজে সেবা সংক্রান্ত তথ্য পেতে পারে সে লক্ষ্যে অধিদপ্তরের বিভিন্ন সেবাসমূহ বর্ণিত হলো-০১। প্রশিইণ সংক্রান্ত সেবাঃ উপ-পরিচালকের কার্যালয়,বাগেরহাট (ক্রমিক নং ০১ থেকে ০৬ পর্যন্ত ট্রেড সমূহ, ক্রমিক নং ০৭ যুব প্রশিক্ষণ কেন্দ্র বাগেরহাট এবং ক্রমিক নং ০৮ উপজেলা যুব উন্নয়ন কার্যালয়,চিতলমারী, বাগেরহাট)।

| প্রাশিক্ষণ ট্রেডের নাম | কোর্সের মেয়াদ | কোর্স শুরুর মাস | বয়স ও শিক্ষাগত যোগ্যতা | কোর্স ফি |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1। পোষাক তৈরী(প্রাতিষ্ঠানিক) | ০৩ মাস | জুলাই থেকে সেপ্টেম্বর-০৩মাস অক্টোবর থেকে ডিসেম্বর-০৩মাস জানুয়ারী থেকে মার্চ - ০৩ মাস এপ্রিল থেকে জুন - ০৩ মাস | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | ৫০/- |
| 2। মৎস্য চাষ (প্রাতিষ্ঠানিক) | ০১ মাস | প্রতি মাসে | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | ৫০/- |
| 3। কম্পিউটার বেসিক (প্রাতিষ্ঠানিক) | ০৬ মাস | জুলাই থেকে ডিসেম্বর-০৬ মাস ও জানুয়ারী থেকে জুন-০৬ মাস | ১৮ থেকে ৩৫ বছর এইচ এস সি পাশ | ১,০০০/- |
| 4। ইলেকট্রিক্যাল এ্যান্ড হাউজ ওয়ারিং (প্রাতিষ্ঠানিক) | ০৬ মাস | জুলাই থেকে ডসিম্বের-০৬ মাস ও জানুয়ারী থেকে জুন-০৬ মাস | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | ৩০০/- |
| 5। রেফ্রিজারেশন এ্যান্ড এয়ার কন্ডিশনিং প্রশিক্ষণ (প্রাতিষ্ঠানিক) | ০৬ মাস | জুলাই থেকে ডিসেম্বর-০৬ মাস ও জানুয়ারী থেকে জুন-০৬ মাস | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | ৩০০/- |
| 6। ইলেকট্রনিক্স প্রশিক্ষণ (প্রাতিষ্ঠানিক) | ০৬ মাস | জুলাই থেকে ডিসেম্বর-০৬ মাস ও জানুয়ারী থেকে জুন-০৬ মাস | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | ৩০০/- |
| 7। গবাদি পশু হাঁস-মুরগী পালন,মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ (প্রাতিষ্ঠানিক) | ১/২/৩ মাস | ০১মাস/০২মাস/০৩ মাস | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | ১০০/- |
| 8। মৎস্য চাষ,গরু মোটতাজাকরন,ছাগল পালন, গাভী পালন, সবজি চাষ, বুটিক ও বাটিক প্রিন্টিং, পারিবারিক হাঁস-মুরগী পালন, ক্ষুদ্র ও কুটির শিল্প সহ স্থানীয় চাহিদা ভিত্তিক যে কোন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। (অপ্রাতিষ্ঠানিক) | ০৭ দিন | প্রতি মাসে | ১৮ থেকে ৩৫ বছর ন্যুনতম ৮ম শ্রেণি পাশ | প্রযোজ্য নয় |

চলমান পাতা নং-০২

## ০২। ঋন সংক্রান্ত সেবাঃ

| সেবার বিবরণ | সেবা গ্রহণকারী | ঋণের প্রদানের পরিমান (জনপ্রতি) | সার্ভিস চার্জ | সেবা প্রদানকারী | সেবা প্রাপ্তির শর্ত | সেবা প্রাপ্তির পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| আত্মকর্মসংস্থান কর্মসূচি (একক ঋণ) | ১৮ থেকে ৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলা। যারা যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যে কোন ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রকল্প গ্রহনকারী | প্রাতিষ্ঠানিক ট্রেডে ১ম দফা-সর্বোচ্চ ১,০০,০০০/- ২য় দফা- সর্বোচ্চ ১,৫০,০০০/- অপ্রাতিষ্ঠানিক ট্রেডে ১ম দফা-সর্বোচ্চ ১,৫০,০০০/- ২য় দফা- সর্বোচ্চ ২,০০,০০০/- | ৫% (ক্রমহ্রাসমান পদ্ধতিতে) | উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ণ কর্মকর্তা | প্রশিক্ষণ গ্রহনের পর ০৩ মাসের মধ্যে প্রকল্প গ্রহনের উদ্যোগ গ্রহন পূর্বক সেবা প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে হবে। ঋণ আবেদনকারীর পক্ষে নিশ্চয়তাকারীর জমির মূল দলিল/ উক্ত দলিলের মূল পর্চা, হালনাগাদ খাজনা পরিশোধের দাখিলা জমা দিতে হবে। অথবা যেকোন সরকারি চাকুরিজীবি অথবা বেসরকারি চাকুরিজীবি যিনি সরকারি খাত থেকে বেতন গ্রহণ করেন তিনি নিশ্চয়তাকারী হতে পারবেন। | প্রশিক্ষণ সনদ প্রাপ্ত যুবক ও যুব মহিলারা প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে যুব ঋণ গ্রহণের জন্য অফিস কর্তৃক নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক স্বস্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর ঋণের আবেদন করবেন। আবেদনকারীর প্রকল্প জরিপ কার্য শেষে নির্বাচিত আবেদনকারীকে ঋণ পাওয়ার জন্য সরকার কর্তৃক নির্ধারিত ২০/- টাকা মূল্যের আবেদন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ পূর্বক অফিসে জমা প্রদান করতে হবে। ঋণ মঞ্জুরের পর আবেদনকারী ও জামিনদার এর সঙ্গে সরকার কর্তৃক নির্ধারিত ৩০০/-টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা/চুক্তিপত্র দাখিল করতে হবে। |
| কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান ঋণ (জোরদারকরণ প্রকল্প) | ১৮ থেকে ৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলা যারা যুব উন্নয়ন অধিদপ্তরাধীন কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান জোরদারকরণ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত | ১ম দফা-সর্বোচ্চ ২৫,০০০/- ২য় দফা- সর্বোচ্চ ২৫,০০০/- ৩য় দফা- সর্বোচ্চ ২৫,০০০/- | ১০% (ক্রমহ্রাসমান পদ্ধতিতে) | উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ণ কর্মকর্তা | ঐ | ঐ |
| পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ কর্মসূচি | তৃণমূল পর্যায়ের ১৮ থেকে ৪৫ বছর বয়সের বেকার দরিদ্র জনগোষ্ঠিকে সংঘবদ্ধ করে স্বীয় অবস্থানে (গ্রামে) ও পরিবেশে এবং পেশায় স্ব- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে আর্থ- সামাজিক উন্নয়ন করা। | ১ম দফা-সর্বোচ্চ ৩০,০০০/- ২য় দফা- সর্বোচ্চ ৪০,০০০/- | ৫% নির্ধারিত | উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ণ কর্মকর্তা | উপজেলাধীন যে কোন একটি গ্রামের ১৮ থেকে ৪৫ বছর বয়সের বেকার দরিদ্র জনগোষ্ঠির মধ্যে একই পরিবারের ০৫ জন সদস্য অথবা ০১ পরিবারের ০২ জন ও অন্য পরিবারের ০৩ জন সদস্যের সমম্বয়ে একটি গ্রুপ গঠিত হবে। এরুপ ০৪-০৬ টি গ্রুপ মিলে ১টি কেন্দ্র গঠিত হবে। | প্রাথমিক জরিপ কাজ, গ্রুপ গঠন, প্রশিক্ষণ ও কেন্দ্রের স্বীকৃতি শেষে আবেদনকারী গ্রুপ কে ঋণ পাওয়ার জন্য সরকার কর্তৃক নির্ধারিত ১০/- টাকা মূল্যের আবেদন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ পূর্বক অফিসে জমা প্রদান করতে হবে। ঋণ মঞ্জুরের পর আবেদনকারী গ্রুপের সঙ্গে সরকার কর্তৃক নির্ধারিত ৩০০/-টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা/চুক্তিপত্র দাখিল করতে হবে। |

## অন্যান্য সেবা সমূহ :

**০১। যুব সংগঠন রেজিস্ট্রেশন সংক্রান্ত সেবাঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক যুব কার্যক্রম সমূহ বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি যুব সংগঠন রেজিষ্ট্রেশন/স্বীকৃতি প্রদান।**

**০২। অনুদানঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব কল্যাণ তহবিল থেকে যুব সংগঠন কর্তৃক গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য ৫০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়।**

**০৩। জাতীয় যুব পুরস্কারঃ- যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ও আত্মকর্মসংস্থান মূলক প্রকল্প গ্রহনকারী সফল আত্মকর্মী হিসেবে সমাজে দৃষ্টান্ত স্থাপন করেছেন এমন সফল আত্মকর্মীর স্বীকৃতি স্বরুপ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়ে থাকে।**

**০৪। ইমপ্যাক্ট প্রকল্পঃ ইমপ্যাক্ট প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলায় পরিবেশ বান্ধব বায়োগ্যাস প্লান্ট স্থাপনে আগ্রহীদের কে সহজ শর্তে ঋণ প্রদান করা হয় এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপন কারীদেরকে সাবসিডি/ভর্তুকী হিসেবে ৫,০০০/- টাকা (অফেরতযোগ্য) প্রদান হয়।।**